রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ/৩০ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং-৩৫৪-আইন/২০২১**—খনি ও খনিজ সম্পদ (নিয়ন্ত্রণ ও উন্নয়ন) আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৩৯ নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) সর্বত্র উল্লিখিত “পরিচালক”, “পরিচালকের” এবং “পরিচালককে” শব্দগুলির পরিবর্তে যথাক্রমে, “মহাপরিচালক”, “মহাপরিচালকের” এবং “মহাপরিচালককে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি ২৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২৮ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“২৮। **বার্ষিক ফি।**—(১) লাইসেন্সগ্রহীতা, খনি বা চায়না ক্লে (ফায়ার ক্লে বা সাদা মাটি) বা কোয়ারী ইজারাগ্রহীতা, খাস বা ব্যক্তিমালিকানাধীন ভূমি উভয় ক্ষেত্রে প্রযোজ্য, প্রতি পঞ্জিকা বৎসরের ৩১ জানুয়ারি বা ইহার পূর্বে হেক্টর প্রতি বা ইহার অংশ বিশেষের জন্য ৫ (পাঁচ) শত টাকা হারে উক্ত পঞ্জিকা বৎসরের জন্য অফেরতযোগ্য বার্ষিক ফি প্রদান করিবেন:


**মূল্য :** টাকা ৪.০০

তবে শর্ত থাকে যে, সিলিকা বালু, সাধারণ পাথর বা বালু মিশ্রিত পাথর কোয়ারী ইজারার ক্ষেত্রে বার্ষিক ফি প্রযোজ্য হইবে না।

(২) কোনো লাইসেন্স বা ইজারা কোনো পঞ্জিকা বৎসরের ৩১ জানুয়ারির পর মঞ্জুর করা হইলে, উক্ত বৎসরের বার্ষিক ফি এইরূপ মঞ্জুরের তারিখ হইতে দুই মাসের মধ্যে প্রদেয় হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এ উল্লিখিত সময়ের মধ্যে বার্ষিক ফি পরিশোধ না করা হইলে, সংশ্লিষ্ট লাইসেন্সগ্রহীতা বা ইজারাগ্রহীতা প্রতিদিনের জন্য এইরূপ বার্ষিক ফির ৫% হারে জরিমানা উক্ত বৎসরের ১ ফেব্রুয়ারি হইতে, বা লাইসেন্স বা ইজারা মঞ্জুরের তারিখের ২ (দুই) মাস অতিক্রান্ত হইবার পর হইতে, প্রদান করিবেন।

(৪) যদি বার্ষিক ফি এবং উপ-বিধি (৩) এ উল্লিখিত জরিমানা ১৮০ (একশত আশি) দিনের মধ্যে পরিশোধ না করা হয়, তাহা হইলে উক্ত তারিখের পর, লিখিতভাবে নোটিশ প্রদান করিয়া উক্ত লাইসেন্স বা ইজারা বাতিল করা যাইবে।";

(গ) বিধি ৩০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩০ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৩০। **ভাড়া, ইত্যাদি পরিশোধ।**—লাইসেন্সগ্রহীতা বা ইজারাগ্রহীতা লাইসেন্সকৃত বা ইজারাকৃত ভূমির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে বার্ষিক ফি, রয়্যালটির উপর ধার্যকৃত মূল্য সংযোজন কর, আয়কর, বাৎসরিক ভূমি রাজস্ব, ভাড়া, কর, উপকর এবং পানির মূল্য সরকারকে প্রদান করিবেন।"; এবং

(ঘ) বিধি ৭৮ এর উপ-বিধি (২) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(খ) দফা (ক) এর অধীন দরপত্র আহ্বানের পূর্বে কোয়ারী এলাকা চিহ্নিত বা নির্ণয় করিবার এবং স্থানীয় বাজার দর অনুযায়ী কোয়ারী ইজারা মূল্য নির্ধারণ করিবার উদ্দেশ্যে ব্যুরো, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি সমন্বয়ে একটি কমিটি গঠিত হইবে, যাহাতে ব্যুরোর প্রতিনিধি সদস্য-সচিব হিসাবে দায়িত্ব পালন করিবেন এবং উক্ত কমিটি অগ্রহায়ণ মাসের মধ্যে কোয়ারী ইজারা মূল্য নির্ধারণ করিবে;"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাঃ মোর্শেদা ফেরদৌস**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd